আমি মোহাম্মদ আনোয়ার হোসেন উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, ঈশ্বরদী, পাবনা হিসেবে জেলা কমান্ড্যান্ট বাংলাদেশ আনসার গ্রাম প্রতিরক্ষা বাহিনী, পাবনা এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মোঃ সাজ্জাদ **মাহমুদ** জেলা কমান্ড্যান্ট, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, পাবনা হিসেবে উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, ঈশ্বরদী পাবনা এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিতঃ

| | |
|---|---|
| ............................................................ | ১১/০৬/২০২৬ |
| উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা<br>ঈশ্বরদী, পাবনা। | তারিখ |

| | |
|---|---|
| ............................................................ | ১১/০৬/২০২৬ |
| জেলা কমান্ড্যান্ট<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী<br>পাবনা। | তারিখ |

# শব্দসংক্ষেপ
# (Acronyms)

| ক্রঃ নং | শব্দসংক্ষেপ | বিবরণ |
|---|---|---|
| ১. | RTI | Right to Information |
| ২. | E-Gov | Electronic Governance |
| ৩. | E-Gp | National e-Government Procurement portal |
| ৪. | AMIS | Ansar Management Information |
| ৫. | NIS | National Integrity Strategy |
| ৬. | GRS | Grievance Redress System |
| ৭. | VDP | Village Defence Party |
| ৮. | CC | Citizen Charter |

| ক্রঃ নং | শব্দসংক্ষেপ | বিবরণ |
|---|---|---|
| ১. | আরটিআই | রাইট টু ইনফরমেশন |
| ২. | ই-গভ | ইলেকট্রোনিক গভর্ণনেন্স |
| ৩. | ই-জিপি | ন্যাশনাল ই-গভর্ণমেন্ট প্রসিকিউরমেন্ট পোর্টাল |
| ৪. | এএমআইএস | আনসার ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম |
| ৫. | এনআইএস | ন্যাশনাল ইন্টেগরিটি স্ট্রটেজী |
| ৬. | [illegible] | [illegible] |
| ৭. | ভিডিপি | ভিলিজ ডিসেন্স পার্টি |
| ৮. | সিসি | সিটিজেন চার্টার |

## সেকশন-১

## রূপকল্প, অভিলক্ষ্য, কর্মসম্পাদনের ক্ষেত্রসমূহ এবং কার্যাবলি

১.১ **রূপকল্পঃ** সুখী, সমৃদ্ধ ও নিরাপদ রাষ্ট্র গঠনে দেশের সর্বত্র শান্তি, শৃঙ্খলা, উন্নয়ন ও নিরাপত্তা বিধান।

১.২ **অভিলক্ষ্যঃ**

১। জননিরাপত্তা ও দুর্যোগ মোকাবেলায় সক্রিয় অংশগ্রহণ;

২। আনসার ও ভিডিপির সদস্য-সদস্যাকে কারিগরি ও পেশাভিত্তিক প্রশিক্ষণ প্রদান করে দক্ষ মানব সম্পদ তৈরির মাধ্যমে দেশের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন;

৩। দেশের অভ্যন্তরে আইন শৃঙ্খলা রক্ষা ও আভিযানিক কার্যক্রমে অন্যান্য বাহিনীর সাথে অংশগ্রহণ;

১.৩ **কর্মসম্পাদনের ক্ষেত্রঃ**

১. ঈশ্বরদী উপজেলা আনসার ভিডিপি সদস্যদের সক্ষমতা বৃদ্ধিকরণ
২. গুরুত্বপূর্ণ সংস্থা ও স্থাপনায় নিরাপত্তা প্রদান;
৩. জনহিতকর কার্যক্রম
৪. জননিরাপত্তা ও আইন-শৃঙ্খলা রক্ষামূলক কার্যক্রম;
৫. দুর্যোগ ব্যবস্থাপনামূলক কার্যক্রম

**সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র (মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত)**

১. **সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রম জোরদারকরণঃ**

ক) শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন;
খ) ই-গভর্নেন্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন;
গ) তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন;
ঘ) অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন;
ঙ) সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন;

১.৪ কার্যাবলিঃ (আইন/বিধি দ্বারা নির্ধারিত কার্যাবলি)

১. ঈশ্বরদী উপজেলায় যৌথ ও এককভাবে টহল ও অভিযানের মাধ্যমে আইন শৃঙ্খলা রক্ষা ও জানমালের নিরাপত্তা বিধান করা;

২. ঈশ্বরদী উপজেলায় সরকারী-বেসরকারী সংস্থা ও প্রতিষ্ঠানের নিরাপত্তা দানের জন্য অঙ্গীভূত আনসার মোতায়েন।

৩. ঈশ্বরদী উপজেলায় আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য-সদস্যাদের বিভিন্ন কারিগরি, পেশাভিত্তিক ও দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ প্রদান করে মানব সম্পদ উন্নয়নের মাধ্যমে তাদের আর্থ-সামাজিক অবস্থার উন্নতি করা;

৪ জাতীয় ও স্থানীয় পর্যায়ের নির্বাচন, দুর্গাপূজাসহ বিভিন্ন রাষ্ট্রীয়, সামাজিক ও ধর্মীয় অনুষ্ঠানাদির নিরাপত্তায় আনসার সদস্যদের নিয়োজিত করা;

৫. বিভিন্ন দুর্যোগ মোকাবেলায় প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে ভলান্টিয়ার তৈরি করে দুর্যোগ ব্যবস্থাপনায় অংশগ্রহণ করা ।

# সূচিপত্র


| বিষয় | পৃষ্ঠা নং |
|---|---|
| কর্মসম্পাদনের সার্বিক চিত্র | ৩ |
| প্রস্তাবনা | ৪ |
| সেকশন ১: রূপকল্প, অভিলক্ষ্য, কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি | ৫ |
| সেকশন ২: বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/ প্রভাব | ৬ |
| সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা | ৭-৮ |
| সংযোজনী ১: শব্দসংক্ষেপ | ১০ |
| সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকের পরিমাপ পদ্ধতি | ১১ |
| সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ | ১২ |
| সংযোজনী ৪: জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪ | ১৩ |
| সংযোজনী ৫: ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪ | ১৪ |
| সংযোজনী ৬: অভিযোগ প্রতিকার ব্যবস্থা কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪ | ১৫ |
| সংযোজনী ৭: সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪ | ১৬ |
| সংযোজনী ৮: তথ্য অধিকার বিষয়ে বার্ষিক কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪ | ১৭ |

## কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহঃ

বিগত ৩ বছরে ঈশ্বরদী উপজেলা বেকারত্ব দূরীকরণে ৯০ জনের অধিক আনসার ও ভিডিপি সদস্য-সদস্যাকে মৌলিক, কারিগরি ও পেশাভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। যুব সমাজকে প্রশিক্ষণ প্রদানের লক্ষে অত্র উপজেলায় অস্ত্রসহ ভিডিপি মৌলিক প্রশিক্ষণ ও ০১ টি গ্রাম ভিত্তিক মৌলিক প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়েছে। মুজিব বর্ষ উপলক্ষে জনহিতকর উদ্যোগের অংশ হিসেবে ৩৫০ জনের অধিক দরিদ্র ভিডিপি সদস্যকে ত্রাণ ও খাদ্য সহায়তা দেওয়া হয়েছে। করোনা মোকাবেলায় স্বাস্থ্য সুরক্ষা সচেতনতা সৃষ্টি ও করোনা রোগীদের চিকিৎসা সহায়তার জন্য ৩০ জনের অধিক আনসার ভিডিপি সদস্য মোতায়েন করা হয়েছে। বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থাপনার নিরাপত্তা প্রদানে ৩৬ জন অঙ্গীভূত আনসার এবং বিভিন্ন নির্বাচন ও দুর্গাপূজায় ১৫৬০ জনের অধিক আনসার ভিডিপি সদস্যকে মোতায়েন করা হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহঃ**

ক) অত্র উপজেলা আনসার ভিডিপি কাজের পরিধির তুলনায় বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীর ঘাটতি।

খ) নিরাপত্তা প্রদানের জন্য জনবলের চাহিদার তুলনায় যানবাহনের ঘাটতি।

ঘ) প্রয়োজনীয় অবকাঠামো ও আবাসন ব্যবস্থা অপর্যাপ্ত ও নিম্নমানের।

**ভবিষ্যৎ পরিকল্পনাঃ**

(১) প্রতিবছর বিভিন্ন মৌলিক, কারিগরি, পেশাভিত্তিক ও দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ প্রদান করে অন্ততঃ ৩৫ জন আনসার ও ভিডিপি সদস্যকে দক্ষ মানব সম্পদ রূপে গড়ে তোলা ।

(২) প্রতি বছর ১০ জন সাধারণ আনসার সদস্যকে অস্ত্র প্রশিক্ষণ দানের মাধ্যমে সরকারি-বেসরকারি সংস্থার নিরাপত্তা দানের জন্য সক্ষম করে তোলা ।

**২০২৩-২০২৪ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জন সমূহঃ**

(১) ৩৫ জন আনসার ও ভিডিপির সদস্যদের কারিগরি, পেশাভিত্তিক মৌলিক ও দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ প্রদান করে মানব সম্পদ উন্নয়ন।

(২) সরকারি-বেসরকারি সংস্থার নিরাপত্তায় ৩৫ জন অঙ্গীভূত আনসার মোতায়েন।

(৩) রাষ্ট্রীয় ও ধর্মীয় অনুষ্ঠানাদির নিরাপত্তায় ৭৭ জন আনসার-ভিডিপি সদস্য মোতায়েন।

(৪) জননিরাপত্তা ও আইন শৃংখলা রক্ষায় ০৬ টি টহল ও অভিযান পরিচালনা।

(৫) দুর্যোগ মোকাবেলায় অন্তত ৭ জনকে প্রশিক্ষণ প্রদান এবং পাবনা সদর উপজেলা ব্যাপী ৯৪ টি ফলজ ও বনজ গাছের চারা রোপন।

# প্রস্তাবনা

প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
ঈশ্বরদী, পাবনা।

এবং

জেলা কমান্ড্যান্ট, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, পাবনা

এর মধ্যে ২০২৩ সালের জুন মাসের ২১/৬/২০২৩ খ্রিঃ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হলো।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেনঃ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, ঈশ্বরদী, পাবনা।

এবং

জেলা কমান্ড্যান্ট
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
পাবনা।

এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই ২০২৩ হতে ৩০ জুন ২০২৪ পর্যন্ত